


সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিলেট শিক্ষা ট্রাস্ট, সিলেট হতে বৃত্তি প্রদানের উদ্দেশ্যে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে এইচ.এস.সি/আলিম বা সমমান, স্নাতক/ফাজিল বা সমমান এবং স্নাতকোত্তর/ কামিল বা সমমান পর্যায়ে অধ্যয়নরত সিলেট জেলার স্থায়ী, গরীব ও মেধাবী ছাত্র/ছাত্রীদের নিকট হতে সংযুক্ত শর্তাবলী সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে। উল্লিখিত শ্রেণীসমূহ ছাড়াও নবম শ্রেণীতে অধ্যয়নরত প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীরা (যারা ২০১২ সনের জেএসসি/ জেডিসি পরীক্ষায় উত্তীর্ণ) আবেদন করতে পারবেন। প্রতিবন্ধী ছাত্রছাত্রীদের জন্য ১০% কোটা সংরক্ষিত থাকবে। মাধ্যমিক/ উচ্চ মাধ্যমিক/ সমমান স্তর হতে স্নাতকোত্তর/ সমমান তরে ২০১২ সাল পর্যন্ত অনুষ্ঠিত পরীক্ষায় পাশকৃত ছাত্রছাত্রীগণ বৃত্তির জন্য আবেদন করতে পারবেন।

নির্ধারিত ফরম ও শর্তাবলী জেলা প্রশাসক, সিলেট এর ওয়েব সাইট www. dcsylhet.gov.bd থেকে ডাউনলোড করা যাবে বা জেলা প্রশাসকের শিক্ষা ও কল্যাণ শাখা বা সিলেট জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে। আবেদনপত্র জেলা প্রশাসক বরাবরে ২৬/০৫/২০১৩ মধ্যে পৌঁছাতে হবে। দরখাস্তের সাথে নিম্নবর্ণিত কাগজাদি সংযুক্ত করতে হবে।

- (ক) পাসপোর্ট সাইজের ০১(এক) কপি সত্যায়িত ফটো।
- (খ) বিগত পরীক্ষাসমূহ পাশের মার্কসীট এর সত্যায়িত কপি।
- (গ) পিতা ও মাতা উভয়ই বা যে কোন একজন জনসূত্রে সিলেট জেলার স্থায়ী বাসিন্দা এ মর্মে প্রত্যয়নপত্র ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।
- (ঘ) আবেদনের সাথে ১৮ বছরের বেশী বয়স্ক ছাত্র-ছাত্রীদের জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং ১৮ বছরের নীচের ছাত্র-ছাত্রীদের জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।
- (ঙ) মুক্তিযোদ্ধা সন্তানদের পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ফটোকপি।
- (চ) ছাত্র-ছাত্রী দরিদ্র পরিবারের সন্তান ও মেধাবী এইমর্মে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সুপারিশ থাকতে হবে।

  
(শেখ মতিয়ার রহমান)

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও উন্নয়ন)

ও

সদস্য সচিব

বোর্ড অব ট্রাস্টিজ, সিলেট শিক্ষা ট্রাস্ট,  
সিলেট।

তারিখ : ২৫/০৫/২০১৩ খ্রিঃ।

স্মারক নং : ০৫.৬০.৯১০০.০১৭. ৩৬.০৩.১৩. ২৪৫ (৫০)

- ১। উপজেলা নির্বাহী অফিসার..... (সকল), সিলেট।
- ২। অধ্যক্ষ/ রেজিস্ট্রার..... সিলেট।
- ৩। উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সিলেট।
- ৪। জেলা শিক্ষা অফিসার, সিলেট।
- ৫। সভাপতি, সিলেট প্রেস ক্লাব, সিলেট।
- ৬। সম্পাদক, সিলেট প্রেস ক্লাব, সিলেট।
- ৭। সম্পাদক, দৈনিক সিলেটের ডাক, সিলেট। উক্ত প্রেস বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত পত্রিকায় প্রকাশের জন্য তাকে অনুরোধ করা হলো।
- ৮। জনাব .....
- ৯। গোপনীয় সচিব.....

(শেখ মতিয়ার রহমান)

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও উন্নয়ন)  
সিলেট।


অন্যান্য শর্তাবলী সংযুক্ত :



## পরিশিষ্ট "ক"

### শর্তাবলী

- শর্ত-১ : (ক) অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের পিতা ও মাতা বা পিতা অথবা মাতা যে কোন একজনকে জন্মসূত্রে সিলেট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। তুলনামূলকভাবে গরীব ও মেধাবী ছাত্র/ছাত্রীদেরকে বৃত্তি প্রদান করা হবে।
- (খ) মাধ্যমিক(প্রতিবন্ধী)/ উচ্চ মাধ্যমিক/ সমমান স্তর হতে স্নাতোকোত্তর/ সমমান স্তরে ২০১২ সাল পর্যন্ত অনুষ্ঠিত পরীক্ষায় পাশকৃত ছাত্রছাত্রীগণ বৃত্তির জন্য আবেদন করতে পারবেন।
- শর্ত-২ : সাধারণ শিক্ষার্থীদের ক্ষেত্রে :
- (ক) উচ্চ মাধ্যমিক/ সমমান স্তর হতে স্নাতোকোত্তর/ সমমান স্তরে অধ্যয়নরত ছাত্রছাত্রীরা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের ক্ষেত্রে নবম/দশম শ্রেণী স্তর হতে স্নাতোকোত্তর/ সমমান স্তরে অধ্যয়নরত ছাত্রছাত্রীরা বৃত্তির জন্য আবেদন করতে পারবেন।
- (খ) এইচ.এস.সি / এইচ.এস.সি (ভোক) / এইচ.এস.সি (বিএম) / এইচ.এস.সি (পলিটেকনিকগল) পর্যায়ে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের পূর্ববর্তী বোর্ড পরীক্ষায় ন্যূনতম পক্ষে জিপিএ ৫.০০ থাকতে হবে।
- (গ) স্নাতক / ফায়ল পর্যায়ে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের পূর্ববর্তী বোর্ড পরীক্ষায় এস.এস.সি. ও এইচ.এস.সি এর মধ্যে একটিতে জিপিএ ৫.০০ এবং একটিতে জিপিএ ৪.০০ থাকতে হবে।
- (ঘ) স্নাতকোত্তর / কামিল পর্যায়ে অধ্যয়নরত ছাত্র/ ছাত্রীদের স্নাতক/ সমমানের পরীক্ষায় জিপিএ ৩.০০ বা ১ম শ্রেণী থাকতে হবে। তবে এস.এস.সি ও এইচ.এস.সি পর্যায়ে জিপিএ ৩.০০ এর নীচে বা ২য় বিভাগ গ্রহণযোগ্য হবে না।
- (ঙ) এম.বি.বি.এস ও বি.এস.সি. ইঞ্জিনিয়ারিং এ অধ্যয়নরত ছাত্র / ছাত্রীদের ক্ষেত্রে এস.এস.সি ও এইচ.এস.সি এর মধ্যে একটিতে জিপিএ ৫.০০ এবং একটিতে জিপিএ ৪.০০ থাকতে হবে।
- শর্ত-৩ : প্রতিবন্ধী ছাত্রছাত্রীদের ক্ষেত্রে পরীক্ষার ফলাফলের উত্তরূপ শর্ত প্রযোজ্য হবে না।
- শর্ত-৪ : আবেদনের সাথে ১৮ বছরের বেশী বয়স্ক ছাত্র-ছাত্রীদের জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং ১৮ বছরের নীচের ছাত্র-ছাত্রীদের জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- শর্ত-৫ : মুক্তিযোদ্ধাদের সন্তানরা বৃত্তি প্রাপ্তিতে অগ্রাধিকার পাবেন। এজন্য পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- শর্ত-৬ : ছাত্র-ছাত্রী দরিদ্র পরিবারের সন্তান ও মেধাবী এইমর্মে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সুপারিশ থাকতে হবে।
- শর্ত-৭ : প্রাইভেট মেডিকেল কলেজ ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের আবেদন করার প্রয়োজন নেই।



স্বাক্ষরিত মেম্বরী প্রোগ্রাম (সংসদ) ও প্রোগ্রাম  
সিলেট।